BENGALI EDITION
GLOBAL HISTORY AND GEOGRAPHY II
FRIDAY, JUNE 17, 2022
9:15 A.M. TO 12:15 P.M., ONLY

The University of the State of New York

**REGENTS HIGH SCHOOL EXAMINATION**

# বৈশ্বিক ইতিহাস এবং ভূগোল সম্পর্কে রিজেন্টস পরীক্ষা II (গ্রেড 10)

**শুক্রবার,** 17 জুন 2022 — সকাল 9:15 থেকে দুপুর 12:15 পর্যন্ত শুধু

শিক্ষার্থীর নাম ______________________________________________

স্কুলের নাম ______________________________________________

**এই পরীক্ষা দেওয়ার সময় কোনো যোগাযোগের ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। আপনার কাছে যদি কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা ব্যবহার করেন, তা যত সীমিত সময়ের জন্যই হোক না কেন, আপনার পরীক্ষাটি বাতিল করা হবে এবং আপনার জন্য কোনো নম্বর গণনা করা হবে না।**

উপরের লাইনগুলিতে আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখুন। আপনাকে একটি আলাদা উত্তরপত্র প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। তারপর আপনার রচনা পুস্তিকার প্রতি পৃষ্ঠার শিরোনাম পূরণ করুন।

এই পরীক্ষায় তিনটি অংশ রয়েছে। আপনাকে এই পরীক্ষার সকল অংশের **সব** কটি প্রশ্নের উত্তর দিতে হবে। অংশ II এবং III-তে আপনার উত্তরসমূহ লেখার জন্য কালো বা গাঢ়-নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 28টি বহুনির্বাচনী প্রশ্ন আছে। উত্তর পত্রে যেভাবে নির্দেশ দেওয়া আছে সেই ভাবে এই প্রশ্নগুলির উত্তরগুলি লিপিবদ্ধ করুন।

**অংশ II** এ দুই সেট গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ) আছে। প্রতিটি গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহের সেট দু'টি নথি দিয়ে তৈরি যার পরে আছে কয়েকটি প্রশ্ন। আপনি যখন পরীক্ষার এই অংশে পৌঁছবেন, তখন এই বিভাগের প্রথম পৃষ্ঠায় আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখবেন। এই পরীক্ষার পুস্তিকার প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনগুলিতে লিখুন।

**অংশ III** এ পাঁচটি নথির উপর ভিত্তি করে একটি রচনামূলক প্রশ্ন রয়েছে। আপনার রচনার পুস্তিকায় এই প্রশ্নটির উত্তর লিখুন।

পরীক্ষা সম্পন্ন করার পরে আপনাকে অবশ্যই আপনার পৃথক উত্তরপত্রে মুদ্রিত ঘোষণায় স্বাক্ষর করতে হবে এই মর্মে যে পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরগুলি সম্পর্কে আপনার কোনো আইন বিরুদ্ধ জ্ঞান ছিল না এবং পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সহায়তা প্রদান করেননি বা পাননি। আপনি এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা যাবে না।


**সঙ্কেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**

## অংশ I

### এই অংশের সকল প্রশ্নের উত্তর দিন।

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা রাশিগুলি থেকে সেই শব্দটি বা রাশিটির *নম্বর* পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যা বিবৃতিটি সর্বোত্তমভাবে পূর্ণ করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া মানচিত্র এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।





উৎস: J. M. Roberts, *A History of Europe,* Allen Lane (অভিযোজিত)

1 এই মানচিত্রে দেখানো ঐতিহাসিক উন্নয়নে অবদানকারী একটি নিয়ামক কী ছিল?

(1) দাস ব্যবসার বিলুপ্তি
(2) এশিয়ার দেশগুলোর ক্রমবর্ধমান শক্তি
(3) সমুদ্র যাত্রা সংক্রান্ত প্রযুক্তির অভাব
(4) বাজার এবং কাঁচামালের চাহিদা

2 এবং 3 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া চিত্র এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Philip Dorf, *Visualized World History*, Oxford Book Company

2 এই চিত্রে প্রদত্ত তথ্য কোন দাবিটি সবচেয়ে ভালোভাবে সমর্থন করে?

(1) যাজক এবং অভিজাতদের ক্ষমতা সবচেয়ে কম।
(2) তৃতীয় এস্টেট প্রথম এবং দ্বিতীয় এস্টেটকে সমর্থন করত।
(3) প্রথম এস্টেট তৃতীয় এস্টেটকে সমর্থন করত।
(4) তিনটি এস্টেটই সমানভাবে ক্ষমতা ভাগাভাগি করত।

3 এই ব্যাখ্যামূলক চিত্রে দেখানো ঐতিহাসিক উন্নয়নের একটি প্রভাব কী ছিল?

(1) রাজাকে ক্ষমতাচ্যুত করে কমিউনিজম চালু হয়েছিল।
(2) রাজা একটি আলোকপ্রাপ্ত একনায়ক হয়ে ওঠেন এবং একটি একদলীয় সরকার গঠিত হয়।
(3) একটি প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয় এবং রাজার শিরচ্ছেদ করা হয়।
(4) একটি নির্দেশিকামূলক পুস্তক তৈরি করা হয় এবং রাজা তার ক্ষমতা বজায় রাখেন।

4 এবং 5 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদগুলি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

. . . মোঘল [মুঘল] সাম্রাজ্যে সর্বদা মূল অসঙ্গতি ছিল হিন্দু বনাম মুসলিম। সমঝোতার জন্য মহামতি আকবর কিছুটা কাজ করেছিলেন, কিন্তু তার প্রপৌত্র আওরঙ্গজেব তার সকল নীতিমালা উল্টে দিয়ে প্রচলিত ইসলামকে কঠোরভাবে প্রয়োগ করেন, হিন্দুদের বিরুদ্ধে পুনরায় বৈষম্য চালু করেন, শিখ ধর্মের মতো ছোট ছোট ধর্মীয় গোষ্ঠীগুলোকে নিষ্পেষিত করেন এবং সাধারণভাবে সহিষ্ণুতার স্থানে নিপীড়নকে প্রাধান্য দেন। কিন্তু তথাপি, আপনি এই লোকটির সংকীর্ণ মনা গোঁড়ামি [ধর্মান্ধতা] সম্পর্কে যাই বলুন না কেন, আওরঙ্গজেব ছিলেন প্রখর মেধাবী, তাই তিনি শুধু তার সাম্রাজ্য ধরেই রাখেননি, বরং তা সম্প্রসারিতও করেছেন। তবে, এই পুরো সময়টাতে তিনি শুধু অনৈক্যের [বিরোধ] ও চাপা উত্তেজনার বীজ বপন করেছেন, যার ফলে কোনো কম সক্ষমতা সম্পন্ন শাসক দায়িত্ব নেওয়ার সাথে সাথেই তা সাম্রাজ্য ধ্বংস করার জন্য বিস্ফোরিত হয়েছিলো। . . .

. . . অটোমান সমাজের সামাজিক খুঁটিনাটির দিকে এক নজর দিলে তার অতি ক্ষুদ্র নিগূঢ়তার [জটিলতা] কোন ধারণা করা যাবে না: অটোমান সমাজকে আরো নিকটভাবে এবং গভিরভাবে দেখলে আপনি প্রতিটি স্তরে একটি জটিলতার বিন্যাস দেখবেন। সব কিছুই অন্য সব কিছুর সাথে যুক্ত ছিল এবং অনেকভাবে যুক্ত ছিল, এবং যতক্ষণ পর্যন্ত সবগুলো সংযোগ ভারসাম্যপূর্ণ ছিল ততক্ষণ পর্যন্ত তা ভালো চলছিল এবং সকল অংশগুলো ভালোভাবে কাজ করছিল। কয়েক শতাব্দী পরে, যখন এই সাম্রাজ্যটি তার জীর্ণদশায় [ক্ষয়িষ্ণু অবস্থায়] প্রবেশ করে, তখন এই সকল আন্তঃসম্পর্কিত [সংযুক্ত] অংশগুলো এবং প্রতিষ্ঠানগুলো অদ্ভুতভাবে অটোমানের দায়ে পরিণত হয়; তাদের জটিলতার অর্থ হলো, এক জায়গায় বা অর্ধে সমস্যা সৃষ্টি হলে তা রহস্যজনকভাবে আরও অনেক স্থানে বা অর্ধে ছড়িয়ে যায়—কিন্তু তা পরে আসে। ষোড়শ শতাব্দীতে, অটোমান সাম্রাজ্য ছিল চমৎকারভাবে চলমান একটি মেশিন। . . .

উৎস: Tamim Ansary, *Destiny Disrupted: A History of the World Through Islamic Eyes*, Public Affairs

4 এই অনুচ্ছেদগুলি উপর ভিত্তি করে, মুঘল এবং অটোমান সাম্রাজ্যগুলোর মধ্যে মূল সাদৃশ্য কী ছিল?

(1) উভয় রাজ্যের কোনোটিতে সামাজিক সংঘাত ছিল না।
(2) প্রতিটি সাম্রাজ্যই একটি সাফল্যের সময়কালের অভিজ্ঞতা করেন।
(3) প্রতিটি সাম্রাজ্য এক শতাব্দীর কম সময় টিকেছিলো।
(4) প্রতিটি সাম্রাজ্য গঠনের ক্ষেত্রেই হিন্দুত্ববাদের স্বল্পই প্রভাব ছিল।

5 কোন বিবৃতিটি মুঘল সাম্রাজ্যের অবনমনের একটি কারণ এবং অটোমান সাম্রাজ্যের অবনমনের একটি কারণকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

(1) মুঘল নেতৃবৃন্দ অকার্যকর ছিলেন; অটোমান সমাজ অনেক বেশি পারস্পরিকভাবে সম্পর্কযুক্ত ছিলেন।
(2) মুঘল সমাজ অনেক বেশি ধর্মনিরপেক্ষ ছিল; অটোমান সুলতানদের নীতি সামঞ্জস্যহীন ছিল।
(3) মুঘল সাম্রাজ্যে ধর্মীয় বৈচিত্র্যের ঘাটতি ছিল; অটোমান সাম্রাজ্য কখনোই দক্ষভাবে কাজ করেনি।
(4) মুঘল সমাজ সরকারের দিকে মনোযোগ কম দিয়েছে; অটোমান সামাজিক গোষ্ঠীগুলো অনেক বেশি বিচ্ছিন্ন ছিল।

6 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদটি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**এম. তেলিয়ঁ-পেরিগো-কে ম্যারি ওলস্টোনক্রাফটের বই উৎসর্গ করা**

> . . . নারী অধিকারের জন্য লড়াই করার বিষয়ে আমার প্রধান যুক্তি এই সাধারণ নীতি উপর তৈরি হয়েছে যে, সে যদি শিক্ষার মাধ্যমে পুরুষের সঙ্গী হওয়ার জন্য প্রস্তুত না হয়ে থাকে, তাহলে সে জ্ঞান ও গুণাবলীর অগ্রগতিকে স্থিমিত করে দেবে; সত্য অবশ্যই সকলের জন্য সাধারণ বিষয়, নতুবা সাধারণ চর্চার ক্ষেত্রে, এর প্রভাব বিবেচনা করা হলে, এটি ফলোৎপাদনে অক্ষম [অকার্যকর] হবে। এবং নারী যদি গুণাবলী অর্জনের কারণই না জানে, তবে কীভাবে তাদের কাছ থেকে সহযোগিতার প্রত্যাশা করা যেতে পারে? যতক্ষণ পর্যন্ত স্বাধীনতা তাকে তার দায়িত্ব অনুধাবন করানোর মতো যুক্তিকে শক্তিশালী না করে তোলে এবং ঠিক কীভাবে এটি তার সত্যিকারের মঙ্গলের সাথে সম্পৃক্ত তা না বোঝে? যদি শিশুদেরকে দেশপ্রেমের সত্যিকারের মূলনীতি অনুধাবন করানোর জন্য শিক্ষিত করা হয়, তবে তাদের মাকেও অবশ্যই দেশপ্রেমিক হতে হবে; এবং সদগুণাবলী বিকশিত হওয়ার পূর্বশর্ত মানবতাকে ভালোবাসার বিষয়টি শুধুমাত্র তখনই সৃষ্টি হবে যখন মানবতার নৈতিক ও নাগরিক স্বার্থ বিবেচনা করা হবে; তবে, বর্তমানে নারীর শিক্ষা ও ও তার পরিস্থিতি তাদের বর্তমানে এই ধরনের অনুসন্ধান করতে দেয় না। . . .

উৎস: Mary Wollstonecraft, 1792

6 ওলস্টোনক্রাফটের (Wollstonecraft) লেখালেখির মাধ্যমে কোন ঐতিহাসিক ঘটনা প্রভাবিত হয়েছিল?

(1) ব্রিটিশ জাতীয়তাবাদের উত্থান

(2) মহিমান্বিত বিপ্লব

(3) নারীদের ভোটাধিকার আন্দোলন

(4) আইরিশ আত্মশাসন আন্দোলন

---

7 এবং 8 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> আপনি যদি আয়ারল্যান্ডে বড় হয়ে থাকেন, তবে আপনাকে অবশ্যই দুর্ভিক্ষ সম্পর্কে বলা হয়ে থাকবে। এটি বারবার বলে [পিটিয়ে] আপনার মনে ঢোকানো হয়েছে। ইতিহাসের বইপত্রে, গাদাগাদি করে থাকা পরিবারগুলো তাদের জীর্ণ কুটিরে [কুঁড়ে ঘরে] ক্ষুধায় মারা যাওয়ার ছবি আছে, যে পরিবারগুলোকে—ইংরেজ বাড়িওয়ালারা—উচ্ছেদ করেছে এবং তাদের নালা ছাড়া আর কোথাও থাকার কোনো জায়গা নেই।
>
> 1930 ও 1940-এর দশকে, লিমেরিক সিটির বয়স্ক মানুষজন তখনও 100 বছরেরও কম সময় আগের সেই দুর্ভিক্ষের ভয়াবহতা আলোচনা করতেন। তারা বলতেন, এটি ছিল ইংরেজদের দোষ। তারা বলেন, শত শত টন যব [শস্য] দেশ থেকে বাইরে নিয়ে যাওয়া হয়েছিল বাইরের রাজকীয় সশস্ত্র বাহিনীকে খাওয়ানোর জন্য। আশেপাশে যে পরিমাণ খাদ্য ছিল তা দিয়ে আয়ারল্যান্ডের অধিবাসীদের দশবার খাওয়ানো সম্ভব ছিল।
>
> বয়স্ক লোকজন বলেন, সেই ঘটনার জন্য তারা কখনোই ইংরেজদের ক্ষমা করবেন না এবং তারা আশা করেন, আমরাও তাদেরকে ক্ষমা করবো না। . . .

উৎস: Frank McCourt, “Scraps and Leftovers: A Meditation,” Hyperion

7 এই নথি অনুযায়ী, আয়ারল্যান্ডের দুর্ভিক্ষে কোন নিয়ামকটি প্রভাব ফেলেছিল?

(1) আয়ারল্যান্ডে উৎপাদিত খাদ্যদ্রব্যের একটি বড় অংশ ব্রিটিশ সরকার রপ্তানি করত।

(2) বিদেশে যুদ্ধ করার জন্য ব্রিটিশ সেনাবাহিনী আয়ারল্যান্ডের তরুণ কৃষকদেরকে বাছাই করেছিল।

(3) ব্রিটিশদের প্রেরিত শস্য এবং আলুর চালানগুলো বৈরি আবহাওয়ার জন্য দেরীতে পৌঁছায়।

(4) বাড়িওয়ালারা ইংরেজ পরিবারগুলোকে তাদের বাড়িঘর থেকে বের করে দেয়।

8 এই অনুচ্ছেদে বর্ণিত পরিস্থিতির একটি ফলাফল কী ছিল?

(1) আইরিশ জাতীয়তাবাদী আন্দোলন জোরালো হয়।

(2) আইরিশ কৃষকরা তাদের ফসল নষ্ট করে ফেলে।

(3) আইরিশরা ব্রিটিশ সরকারের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে।

(4) লক্ষ লক্ষ আইরিশকে ব্রিটিশ উপনিবেশগুলোতে জোরপূর্বক কাজ করানো হয়।

---

9 এবং 10 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া নথি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**সরকারি হলফনামা (মেইজি পুনঃপ্রতিষ্ঠা), 1868**

এই হলফনামার মাধ্যমে, আমরা আমাদের লক্ষ্য হিসেবে জাতীয় সম্পদকে [সর্বসাধারণের কল্যাণ] আরও সম্প্রসারিত ভিত্তিতে এবং একটি সংবিধান ও আইনের কাঠামো প্রতিষ্ঠিত করেছি।

1. মন্ত্রণাসভা ব্যাপকভাবে প্রতিষ্ঠিত করতে হবে এবং সকল বিষয়ে সর্বসাধারণের আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।
2. রাষ্ট্রীয় প্রশাসনিক কাজ প্রবল উৎসাহের সাথে সম্পাদন করার জন্য উচ্চ ও নিম্ন সকল শ্রেণিগুলোকে একতাবদ্ধ হবে।
3. সাধারণ জনগণের, যারা নাগরিক ও সামরিক কর্মকর্তাদের থেকে ছোট নয়, প্রত্যেককে তার নিজস্ব জীবিকা অনুসরণ করার সুযোগ দিতে হবে, যাতে কোনো ধরনের অসন্তোষ সৃষ্টি না হয়।
4. অতীতের দুষ্ট প্রথাগুলো থেকে বের হয়ে আসতে হবে এবং সব কিছু প্রকৃতির ন্যায়বিচারের ভিত্তিতে হবে।
5. সাম্রাজ্যবাদী শাসনের ভিত্তিগুলো শক্তিশালী করার জন্য সারা পৃথিবী থেকে জ্ঞান আহরণ করতে হবে।

উৎস: Wm. Theodore de Bary, ed., et al., *Sources of Japanese Tradition*, Columbia University Press

9 সরকারি হলফনামায় উপস্থাপিত লক্ষ্যগুলোর উপর ভিত্তি করে, সবচেয়ে ভালোভাবে যে সিদ্ধান্তে আসা যায় তা হল

(1) সম্রাট আর শক্তির প্রতীক ছিলেন না
(2) সামুরাই সরাসরি জনগণের আলোচনা নিয়ন্ত্রণ করতো
(3) জাপানি সরকার পশ্চিমা শিক্ষাকে উৎসাহিত করতো
(4) জাপানি সমাজের সর্বনিম্ন শ্রেণির লোকজনকে সরকার থেকে বাদ দেওয়া হয়েছিল

10 কোন ঘটনাটি 1868 সালের সরকারি হলফনামা জারি করার ক্ষেত্রে প্রত্যক্ষ ভূমিকা রেখেছিল?

(1) আফিম যুদ্ধে ব্রিটেনের বিজয়
(2) রুশ-জাপানি যুদ্ধে রাশিয়ার পরাজয়
(3) ডাচ বণিকদের জন্য আলাদা বন্দর তৈরি
(4) তকুগাওয়া শোগানেটের পতন

11 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**কালের অপরাধ কে করেছে?**





উৎস: John McCutcheon, *The Chicago Tribune,* August 5, 1914 (অভিযোজিত)

11 কার্টুনিস্টের দৃষ্টিভঙ্গীকে কোন বিবৃতিটি সবচেয়ে ভালোভাবে ফুটিয়ে তোলে?

(1) সম্মিলিতভাবে কাজ করলে ইউরোপ শান্তি ফিরে আসবে।
(2) ইউরোপে শান্তি পুনঃস্থাপিত করার জন্য জার্মানির অবস্থান সবচেয়ে ভালো।
(3) ইউরোপে কোনো অপরাধের জন্য ইতালিয়ান জাতি দোষী ছিল না।
(4) ইউরোপে শান্তি বিনষ্ট হওয়ার জন্য অনেককেই দায়ী করা যায়।

12 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া মানচিত্র এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Martin Gilbert, *The Routledge Atlas of the First World War*, Routledge, 2008

12 1914 সালে জার্মানির স্লাইফেন পরিকল্পনা ব্যবহার করার সিদ্ধান্তের প্রধান ফলাফল কী ছিল?

(1) ফরাসী এবং জার্মানরা পরিখাগুলি জুড়ে চলমান লড়াইয়ে জড়িয়ে পড়ে।

(2) ফ্রান্সকে পরাজিত করার উদ্দেশ্যে ব্রিটিশ সাবমেরিনগুলো জার্মানিকে সহায়তা করতে চলে আসে।

(3) সার্বিয়া এবং অস্ট্রিয়া-হাঙ্গেরি জার্মানি এবং ফ্রান্সকে আক্রমণ করে।

(4) জার্মানি এবং ফ্রান্সের মধ্যে একটি শান্তির বন্দোবস্ত অর্জনের জন্য রাশিয়া কূটনৈতিক চাপ প্রয়োগ করে।

13 এবং 14 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**1919 সালের প্রতিবাদের সময় ডেং ইংচাও নামক একজন চীনা তরুণীর অভিজ্ঞতার বর্ণনা**

যখন 1919 সালের মে ফোর্থ আন্দোলন গড়ে ওঠে, তখন আমার বয়স ছিল মাত্র ষোল এবং আমি তখন তিয়ানজিন উইমেনস নরমাল কলেজের একজন শিক্ষার্থী ছিলাম। . . . 4 মে 1919 তারিখে, বেইজিং-এর শিক্ষার্থীরা সরকারকে ভার্সেই শান্তি চুক্তি স্বাক্ষর না করে দেশের বিশ্বাসঘাতকদের শাস্তি দেওয়ার দাবিতে আন্দোলন করে।ক্ষোভে [অসন্তোষ] তারা ঝাওজিয়ালাউয়ের বাড়ি জ্বালিয়ে দেয় এবং তৎকালীন জাপানে নিযুক্ত চীনা দূত লু ঝংঝিয়াংকে প্রহার করে।পরের দিন যখন তিয়ানজিনে এই সংবাদ পৌঁছায়, তখন সেখানকার শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ সৃষ্টি করে এবং তারা 7 মে নিজেদের আন্দোলন মঞ্চস্থ করে।তিয়ানজিন স্টুডেন্ট ইউনিয়ন, তিয়ানজিন উইমেনস প্যাট্রিয়টিক সোসাইটি এবং তিয়ানজিন অ্যাসোসিয়েশন অব ন্যাশনাল স্যালভেশন নামক দেশপ্রেমিক সমাজগুলোকে সংগঠিত করে তাদের আন্দোলন শুরু করে।সে সময় আমাদের পরিচালিত করার জন্য কোনো রাজনৈতিক তত্ত্ব ছিল না, ছিল শুধু আমাদের শক্তিশালী দেশপ্রেমের উৎসাহ।বেইজিং-এর শিক্ষার্থীদের অনুরোধগুলো ছাড়াও, আমরা "একুশটি চাহিদা খারিজ [বাতিল] করার দাবি জানাই!" "জাপানি পণ্য বয়কট করুন!" এবং "চীনে প্রস্তুত পণ্য কিনুন!" এছাড়াও, আমরা জোরালোভাবে বিদেশী শক্তির দাস হতে অস্বীকৃতি জানাই!. . .

উৎস: Patricia Buckley Ebrey, *Chinese Civilization: A Sourcebook*, The Free Press

13 এই আলোচিত অংশের উপর ভিত্তি করে, তিয়ানজিনে 7 মে তারিখের প্রতিবাদের উদ্দেশ্য কী ছিল?

(1) আন্তর্জাতিক যুদ্ধবিগ্রহের নিন্দা করা
(2) জাতীয় গর্ব প্রদর্শন করা
(3) অর্থনৈতিক আন্ত-নির্ভরশীলতা সমর্থন করা
(4) প্রগতিশীল বিপ্লবীদের সমালোচনা করা

14 এই অনুচ্ছেদটি কোন দাবিটিকে সবচেয়ে ভালোভাবে সমর্থন করে?

(1) কর্মক্ষেত্রে লিঙ্গ বৈষম্যের কারণে শিল্পখাতে আধুনিকায়ন বিলম্বিত হয়েছে।
(2) ব্যবসাবাণিজ্য এবং সরকারে নারীদেরকে নেতৃত্ব স্থানীয় পদে আসা উচিত।
(3) সরকার এবং সমাজকে অবশ্যই কনফুসিয়ান মূল্যবোধের উপর নির্ভরশীলতায় ফিরে আসতে হবে।
(4) ভোক্তাদেরকে ঘরোয়াভাবে প্রস্তুত দ্রব্যাদি ক্রয় করার সিদ্ধান্ত নেওয়া উচিত।

15 ও 16 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া বর্ণনা এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

1947 সালে ব্রিটিশ ভারতীয় সেনাবাহিনীতে কাজ করা একজন ব্রিটিশ আধিকারিক ডেনিস "পার্টিশন ভয়েসেস" প্রকল্পের একটি অংশ হিসেবে সাক্ষাৎকারে নিম্নিলিখিত উদ্ধৃতি দেন।

> "1947-এর আগস্ট পর্যন্ত আমাদের সংখ্যা খুব সামান্য ছিল। স্বাধীনতা দিবসে আমি লাহোরে ছিলাম, এবং ইংল্যান্ডে ফিরছিলাম। আমার মনে আছে, মানুষ আমার সাথে করমর্দন করে বলছিলেন, 'ধন্যবাদ। আমাদেরকে স্বাধীন করার জন্য আপনাকে ধন্যবাদ।'
>
> "স্টেশনে হাঁটু-সমান মানবদেহ পড়ে ছিল। সময়টা ছিল অত্যন্ত ভয়ানক। একদিক থেকে আসা ট্রেনগুলো শিখ ও হিন্দুদের লাশে পরিপূর্ণ ছিল - এবং অন্যদিক থেকে আসা ট্রেনগুলো পরিপূর্ণ ছিল মুসলিমদের লাশে।
>
> "আমার মতো অন্য সকল ব্রিটিশ কর্মকর্তারা মনে করি, খুব দ্রুত এই বিভাজন হয়ে গেল। পুরো বিষয়টি ভালোভাবে চিন্তা করে করা হয়নি।
>
> "আমি মনে করি, খুব দ্রুত এটি করার জন্য ঐ সময়কার ব্রিটিশ সরকার উদ্বিগ্ন ছিল। এটি একটি বড় ভুল ছিল।"

উৎস: "A Country Divided: How it affected me," *BBC News* online

15 ডেনিসের বর্ণনা অনুযায়ী, ভারত ভাগের সময় কোন পরিস্থিতির উদ্ভব হয়েছিল?

(1) ব্রিটিশ বাহিনী রেলের নিয়ন্ত্রণ নিয়ে নিয়েছিল।
(2) ভারত গ্রেট ব্রিটেনের হুকুমের আওতায় চলে আসে।
(3) সীমান্ত অঞ্চলে ধর্মীয় ও জাতিগত সংঘাত বৃদ্ধি পায়।
(4) পাকিস্তান কমিউনিস্ট শাসনব্যবস্থা চালু করে।

16 ভারত ভাগের বিষয়ে ডেনিস প্রমাণের একটি নির্ভরযোগ্য উৎস - নিচের কোন বিবৃতিটি এই উপসংহারকে সবচেয়ে ভালোভাবে সমর্থন করে?

(1) ব্রিটিশ সৈন্যদের প্রতি একক ভারতীয় ব্যক্তিরা যে বৈরিতা দেখিয়েছিল তিনি তার উদাহরণ দেন।
(2) ভারত ভাগ হওয়ার বিষয়ে ব্রিটিশ সরকারের অবস্থানের সপক্ষে তিনি বিস্তারিত তথ্য দেন।
(3) তিনি জানান যে, ভারত ব্রিটিশ সামরিক বাহিনীর কাছ থেকে অব্যাহত সহায়তা পাওয়ার অনুরোধ করেছিল।
(4) স্বাধীনতা দিবসে তিনি যা যা দেখেছেন একজন চাক্ষুস সাক্ষী হিসেবে তার বর্ণনা করেন।

17 ও 18 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া মানচিত্র আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**বার্লিনের বায়ু করিডোর, নভেম্বর 1948**




উৎস: Illingworth Collection, *From Warfare to Welfare: 1939–1959*, National Library of Wales, 2008

17 এই মানচিত্রে যে ঘটনা দেওয়া হয়েছে, তার সাথে কোন নীতি সবচেয়ে নিবিড়ভাবে সম্পৃক্ত?

(1) রাজ্যগুলির মধ্যে শত্রুতার অবসান

(2) পেরেস্ত্রইকা

(3) নিয়ন্ত্রণ

(4) জোট-নিরপেক্ষতা

18 এই মানচিত্রে যে পরিস্থিতির বর্ণনা করা হয়েছে তার সমাধান হয় যখন

(1) জোসেফ স্ট্যালিন অবরোধ সমাপ্ত করার জন্য আদেশ দেন

(2) উইনস্টোন চার্চিল “লৌহ যবনিকা” বক্তৃতা দেন

(3) জাতিসংঘ পূর্ব জার্মানির পক্ষে আলোচনা করে

(4) নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন (NATO) পারমাণবিক অস্ত্র ব্যবহারের হুমকি দেয়

19 ও 20 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> পাহলভির যুগে (1925–1979) ইরানের নারীদের গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছিল। মেয়ে ও ছেলে উভয়ের জন্যই বিনামূল্যে শিক্ষার ব্যবস্থা ছিল। 1936 সালে যখন তেহরান বিশ্ববিদ্যালয় চালু হয়, তখন ইরানের প্রথম বিশ্ববিদ্যালয়ে ছেলে ও মেয়ে উভয়কেই ভর্তি নিতো। 1963 সালে, নারীরা ভোটাধিকার পান ও সংসদ নির্বাচনে অংশগ্রহণের অধিকার অর্জন করেন। পারিবারিক সুরক্ষা আইনের অধীনে, নারীরা বিবাহ বিচ্ছেদের অধিকার ও সন্তান হেফাজতে নেওয়ার অধিকার অর্জন করে। একজন স্বামী আর একপার্শ্বিকভাবে [নিজেই] তার স্ত্রীকে তালাক দেওয়ার ও স্বয়ংক্রিয়ভাবে সন্তানের হেফাজত নিতে আর পারত না। মেয়েদের বিয়ের বয়স 13 থেকে বৃদ্ধি করে 18 করা হয়। এবং দ্বিতীয় স্ত্রী গ্রহণ করার ক্ষেত্রে পুরুষদেরকে আদালতের অনুমতি নেওয়ার প্রয়োজন হত। 1978 সালের, ইরানের বিপ্লবের ঊষালগ্নে, 22 জন নারী সংসদে বসেন এবং 333 জন নারী নির্বাচিত স্থানীয় কাউন্সিলগুলোতে কাজ করছিলেন। বিশ্ববিদ্যালয়ের এক-তৃতীয়াংশ ছিল নারী। দুই মিলিয়ন নারী কর্মীবলের অন্তর্ভুক্ত ছিলেন এবং তাদের মধ্যে 146,000 জনের বেশি ছিলেন সরকারি চাকরিতে। . . .
>
> বিপ্লবী নেতা আয়াতুল্লাহ রুহোল্লা খোমেনির অধীনে ইরানের নতুন ধর্মতান্ত্রিকতা আধুনিকতার রীতিনীতির [অনুশীলনের] চাইতে ইসলামিক প্রথাকে অধিক গুরুত্ব দেন। বিপ্লবী সরকারের প্রথম দিকের একটি আইন ছিল পরিবার সুরক্ষা আইন স্থগিত করা এবং পারিবারিক আদালত ভেঙ্গে দেওয়া। পুরুষরা পুনরায় শুধু ঘোষণার মাধ্যমে তাদের স্ত্রীদের তালাক দিতে সক্ষম হন; এবং তারা তাদের সন্তানদের একচেটিয়া হেফাজতও অর্জন করেন। যদি বিবাহের চুক্তিতে তালাক দেওয়ার অধিকার নির্দিষ্ট [সুস্পষ্টভাবে উল্লেখ] না থাকে তবে নারীরা আর বিবাহ বিচ্ছেদের আবেদন করতে পারবেন না এবং তারা তাদের সন্তানদের হেফাজতের অধিকার হারায়। বহুবিবাহের উপর সীমাবদ্ধতাগুলোও প্রত্যাহার করা হয়। নারীদের বিয়ের বয়স কমিয়ে বয়ঃসন্ধিতে নিয়ে আসা হয়, যা ইসলামিক আইন অনুযায়ী ছিল নয় বছর। 1981 সালে পার্লামেন্ট ইসলামিক ল্য অফ রেট্রিবিউশন অনুমোদন করে ব্যভিচার থেকে শুরু করে ইসলামিক বিধান অনুযায়ী পোশাক পরিধান না করার মত অপরাধের জন্য চাবুক মারা, পাথর নিক্ষেপ করা এবং হত্যার শাস্তি হিসেবে জরিমানা চালু করে। . . .

উৎস: Haleh Esfandiari, “The Iran Primer,” *United States Institute of Peace* online

19 এই অনুচ্ছেদের উপর ভিত্তি করে, ইরানের ঐতিহ্য ও আধুনিকতার মধ্যকার উত্তেজনার বিষয়ে কোন উপসংহারে পৌঁছানো যায়?

(1) বিপ্লবের পূর্বে, পাহলভিরা (Pahlavis) জনসাধারণকে প্রথাগত ইসলামিক আদর্শের মধ্যে থাকার জন্য উৎসাহিত করেন।
(2) নতুন ধর্মতান্ত্রিক সরকার আধুনিকতা ও অধিকার সম্প্রসারণকে উৎসাহিত করেন।
(3) আয়াতুল্লাহ খোমেনির (Ayatollah Khomeini) বিপ্লবীরা আরও প্রথাগত পুরুষতান্ত্রিক সমাজের সমর্থন করেন।
(4) বিপ্লবের পরে, আধুনিকতার উদ্দেশ্যে অগ্রসর হওয়া ইরানি সমাজে পুরুষদের উপর আরোপিত নিষেধাজ্ঞার কারণে বাধাগ্রস্ত হয়েছে।

20 এই অনুচ্ছেদের উপর ভিত্তি করে, 1979 সালের ইরানি বিপ্লব কীভাবে নারীদের জীবনকে প্রভাবিত করেছে?

(1) বিয়ের আইনগত বয়স 18 -তে উন্নীত করা হয়।
(2) সংসদ চালানোর জন্য এবং আইন প্রণয়নে সাহায্য করার জন্য প্রথমবারের মতো নারীদেরকে অধিকার দেওয়া হয়।
(3) পরিবার সুরক্ষা আইন নারীদের বিবাহ বিচ্ছেদের আবেদন করার সুযোগ করে দেয়।
(4) পারিবারিক আদালত ভেঙ্গে দেওয়ার কারণে নারীদের আইনগত অধিকার আরও সীমিত হয়ে যায়।

21 ও 22 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

### অনুচ্ছেদ A

> . . . 1964 সালে আমার বিচারের বিষয় আমি নিজের ভাষায় বলতে চাই। ঘটনাটি অতীতেও যেমন ছিল বর্তমানেও তেমনই সত্যি ছিল।। আমি লিখেছি: আমি শ্বেতাঙ্গদের অত্যাচারের বিরুদ্ধে লড়াই করেছি এবং আমি কৃষ্ণাঙ্গদের অত্যাচারের বিরুদ্ধেও লড়াই করেছি। আমি একটি গণতান্ত্রিক ও স্বাধীন সমাজের ধারণা হৃদয়ে ধারণ করেছি, যেখানে সকল লোক একত্রে সমান সুযোগ-সুবিধা নিয়ে বাস করবেন।
>
> এটি এমন একটি আদর্শ ছিল যার জন্য আমি বেঁচে থাকার আশা করি এবং তা অর্জন করি। তবে, যদি প্রয়োজন হয়, তবে এটি এমন একটি আদর্শ যার জন্য আমি জীবন দিতেও প্রস্তুত। . . . বন্ধুরা, আজ বাগ্মিতা করার জন্য আমার কোনো শব্দ নেই, তবে আমি শুধু বলতে পারি যে, আমার জীবনের অবশিষ্ট দিনগুলো তোমাদের হাতে। আমি আশা করবো, তোমরা শৃঙ্খলার সাথে ভঙ্গ হবে। এবং তোমাদের মধ্যে এমন একজনেরও এমন কিছু করা উচিত নয়, যার ফলে অন্যরা বলতে পারেন যে, আমরা আমাদের নিজেদের লোকজনকেই নিয়ন্ত্রণ করতে পারি না।

উৎস: Transcript of Nelson Mandela's speech "Africa It Is Ours!," February 10, 1990

### অনুচ্ছেদ B

> . . . আমাদের দেশ ও তার জনগণ দশকের পর দশক ধরে সংঘাত, উত্তেজনা ও সহিংস সংগ্রামে বিজড়িত [জড়িত] হয়ে আছে। এখন সময় হলো সহিংসতার চক্র থেকে বের হয়ে আসা এবং শান্তি ও মীমাংসার চক্রে প্রবেশ করা। অধিকাংশ নীরব মানুষ এর জন্য ব্যাকুলভাবে প্রতীক্ষা করছে। যুবসম্প্রদায় এর উপযুক্ত।
>
> এই বিষয়ে সরকার যে পদক্ষেপ গ্রহণ করেছে তা সরল বিশ্বাসে নেওয়া হয়েছে বলে প্রমাণিত হয়েছে এবং একটি নতুন নিয়মের [দিক] ব্যাপারে বিচক্ষণ নেতৃবৃন্দের আলোচনা শুরু করার পরিবেশ প্রস্তুত হয়েছে, যাতে কথাবার্তা এবং আলোচনার মধ্যমে একটি ঐক্যমতে পৌঁছানো হয়।
>
> কর্মসূচী উন্মুক্ত এবং আমাদের কাঙ্ক্ষিত সার্বিক লক্ষ্যগুলো সকল বিবেকবান দক্ষিণ আফ্রিকাবাসীদের কাছে গ্রহণযোগ্য হওয়া উচিত।
>
> অন্যান্য বিষয়ের মধ্যে, ঐ লক্ষ্যগুলোর অন্তর্ভুক্ত একটি নতুন, গণতান্ত্রিক সংবিধান; সার্বিক নাগরিক অধিকার [ভোট]; কোন আধিপত্য বিস্তার নয়; একটি স্বাধীন বিচার ব্যবস্থার সামনে সমতা; সংখ্যালঘু ও ব্যক্তিবিশেষের অধিকার সুরক্ষা; ধর্মীয় স্বাধীনতা; প্রমাণিত অর্থনৈতিক নীতি ও বেসরকারি ব্যবসা প্রতিষ্ঠানের উপর ভিত্তি করে একটি নির্ভরযোগ্য অর্থনীতি; সকলের জন্য আরও ভালো শিক্ষা, স্বাস্থ্য পরিষেবা, আবাসন ও সামাজিক পরিবেশ নিশ্চিত করার জন্য গতিশীল কর্মসূচী। . . .

উৎস: F. W. de Klerk, speech at the opening of Parliament, February 2, 1990

21 অনুচ্ছেদ A ও B অনুযায়ী, উভয় মানুষই কোন কাজটি করার চেষ্টা করছেন?

(1) দক্ষিণ আফ্রিকায় গণবিক্ষোভের নেতৃত্ব দেন
(2) দক্ষিণ আফ্রিকায় রাজনৈতিক ক্ষমতার জন্য প্রতিযোগিতা করেন
(3) দক্ষিণ আফ্রিকায় বৈষম্য বজায় রাখেন
(4) দক্ষিণ আফ্রিকায় জাতিগত সংঘাতের পরিসমাপ্তি ঘটান

22 কোন দীর্ঘস্থায়ী নীতিমালা এই অনুচ্ছেদগুলিতে বর্ণিত নেলসন ম্যান্ডেলা (Nelson Mandela) ও এফ. ডব্লিউ. ডি ক্লার্কের (F. W. de Klerk) পদক্ষেপ ও বক্তব্যকে প্রভাবিত করেছে?

(1) উপজাতিদের সিদ্ধান্ত গ্রহণ
(2) আন্তর্জাতিক সহযোগিতা
(3) বর্ণ বৈষম্য
(4) অনাগ্রাসন

23 ও 24 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> আমরা বুঝি যে, মানবাধিকার পূর্ণ করার দাবি একটি বৈপ্লবিক পদক্ষেপ, এবং আমাদের শিশুদের জীবিত অবস্থায় ফিরিয়ে আনার বিষয়ে সরকারকে প্রশ্ন করা ছিল একটি বৈপ্লবিক পদক্ষেপ। আমরা স্বাধীনতার জন্য, স্বাধীনভাবে বাস করার জন্য লড়াই করছি এবং তা হল এক বৈপ্লবিক পদক্ষেপ। এমন একটি দিন, যেদিন আর কোনো ক্ষুধা থাকবে না, ন্যায়বিচার করা হবে, খুনিরা কারাবাসে থাকবে, সেফিনই আমরা বলতে পারব যে একটি বিপ্লব আনতে সফল হয়েছি। কোনো পদ্ধতিকে রূপান্তর করা সব সময়ই বৈপ্লবিক।
>
> মাদার্স অফ দ্য প্লাজা ডি মেয়ো




**1987 সালে দ্য মাদার্সের "নির্যাতনকারীদের গারদে ভরো", সামরিক কুচকাওয়াজের সামনে স্মারক স্থাপন করা সহ।**

উৎস: Marguerite G. Bouvard, "Revolutionizing Motherhood: The Mothers of the Plaza de Mayo," *National Geographic*, December 1984 (অভিযোজিত)

23 মাদার্স অফ দ্য প্লাজা ডি মেয়ো (Mothers of the Plaza de Mayo) কোন বিষয়গুলির মোকাবিলা করছেন?

(1) সামরিক একনায়কতন্ত্র কর্তৃক নিপীড়নমূলক শাসন
(2) চাকরীর সীমিত সুযোগ
(3) জাতিগত শুদ্ধির উদ্দেশ্যে আরেকটি জাতিকে নির্মূল করার নীতি
(4) শিক্ষা ব্যবস্থা সংস্কারের প্রয়োজনীয়তা

24 মাদার্স অফ দ্য প্লাজা ডি মেয়ো (Mothers of the Plaza de Mayo) তাদের উদ্দেশ্য পূরণের জন্য মূলত কোন পদ্ধতিটি ব্যবহার করেছেন?

(1) বেসামরিক মানুষের উপর সন্ত্রাসবাদী হামলা করা
(2) অহিংস বিক্ষোভ প্রদর্শন করা
(3) সরকারের বিরুদ্ধে একটি অভ্যুত্থানের আয়োজন করা
(4) আন্তর্জাতিক কর্পোরেশনগুলিকে বয়কট করা

25 ও 26 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . যখন তৃতীয় বিশ্বের নারীদেরকে আরও উচ্চ সামাজিক মর্যাদা দেওয়া হয়, তখন তারা তাদের পরিবারগুলোর আকারের সীমিত করা ছাড়াও বেশি কিছু করে; তারা এমন একটি গোষ্ঠী, যাদের খাদ্য সরবরাহ ও রোগ নিয়ন্ত্রণ বৃদ্ধি করার জন্য পদক্ষেপ গ্রহণ করার সম্ভাবনা অনেক বেশি। তৃণমূল পর্যায়ের মানবাধিকার সংস্থাগুলো বিশ্বাস করে যে, নারীদের ব্যবসাপ্রতিষ্ঠানে বিনিয়োগ হলো কোনো জাতিকে উন্নত করার জন্য গৃহীত পদক্ষেপগুলোর মধ্যে সবচেয়ে কার্যকর, যেখানে নারীরা সবচেয়ে বেশি কৃষিকাজ করেন। এবং 1970-এর দশকে UNICEF আবিষ্কার করে যে, গণ স্বাস্থ্য সম্পর্কিত পদক্ষেপসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে নারীরাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। শিক্ষিত নারীরা টিকাদান কর্মসূচী সমর্থন করে, পরিস্কার পানি সরবরাহের প্রয়োজনীয়তা বোঝে এবং কোনো অঞ্চলের সমগ্র গ্রাম সংক্রমিত হওয়ার আগে পরিবারের সদস্যদের জন্য পেশাদার চিকিৎসা সহায়তার খোঁজ করে। . . .

উৎস: Linda Grant De Pauw, *Battle Cries and Lullabies: Women in War from Prehistory to the Present*, University of Oklahoma Press

25 কোন বিষয়টি গ্রাফে পরিবেশিত তথ্য সব চেয়ে ভালোভাবে সমর্থন করে?

(1) সশস্ত্র সংঘাত সমাধানে জাতিসংঘের কার্যকারিতা
(2) আর্থ-সামাজিক সমস্যা সমাধানে নারীদের ভূমিকা
(3) খাদ্য নিরাপত্তা সমস্যায় পৃথিবীর মধ্যে সবচেয়ে বেশি আক্রান্ত অঞ্চলসমূহ
(4) পরিবেশের উপর নগরায়নের নেতিবাচক প্রভাব

26 এই অনুচ্ছেদের উপর ভিত্তি করে, উন্নয়নশীল বিশ্বে UNICEF এর কোন ধরনের পদক্ষেপ সমর্থন করার সম্ভাবনা সবচেয়ে বেশি?

(1) নারীদের জন্য শিক্ষা বিষয়ক কর্মসূচী প্রদান
(2) বৈশ্বিক উষ্ণায়নের বিরুদ্ধে লড়াই করার জন্য বিকল্প শক্তি প্রতিষ্ঠা
(3) প্রথাগত মূল্যবোধ ও বিশ্বাস বাড়াতে সম্প্রদায়গুলিকে উৎসাহিত করা
(4) চাহিদাসম্পন্ন দেশগুলোতে অর্থনৈতিক সহায়তা প্রদানের ক্ষেত্রে বেসরকারি সংস্থাগুলোর ভূমিকা হ্রাস করা

---

27 ও 28 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া বক্তৃতার উদ্ধৃতি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> প্রিয় দেশবাসী, স্বদেশবাসী। স্বাধীন রাষ্ট্রগুলোর কমনওয়েলথ গঠিত হওয়ার ফলে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তার কারণে, আমি এতদ্বারা ইউনিয়ন অব সোভিয়েত সোশালিস্ট রিপাবলিকসের প্রেসিডেন্ট পদে আমার কার্যক্রম চালিয়ে না যাওয়ার ঘোষণা দিচ্ছি।
>
> আমি নৈতিক বিষয় বিবেচনা করে এই সিদ্ধান্ত গ্রহণ করছি। আমি দৃঢ়ভাবে জাতিগুলোর স্বাধীনতা ও প্রজাতন্ত্রগুলোর সার্বভৌমত্বের পক্ষে এই সিদ্ধান্ত গ্রহণ করেছি। একই সাথে, আমি ইউনিয়ন স্টেটের সুরক্ষা ও এই দেশের অখণ্ডতাকে সমর্থন করছি।
>
> এই ঘটনাগুলো ভিন্নদিকে প্রবাহিত হয়েছে। নীতিটিতে এই দেশের অঙ্গছেদ করার জন্য এবং রাজ্যকে বিচ্ছিন্ন করার উদ্দেশ্যকে আধিপত্য প্রদান করে, এটি আমি মেনে নিতে পারি না। . . .

উৎস: Mikhail Gorbachev, “Farewell Address,” *New York Times*, December 26, 1991

27 মিখাইল গর্ভাচেভ (Mikhail Gorbachev) প্রেসিডেন্ট থাকাকালীন কোন নীতির সুচনা করেন, যা এই উদ্ধৃতিতে বর্ণিত পরিস্থিতিতে অবদান রেখেছে?

(1) রাসিফিকেশন
(2) যৌথ মালিকানা ব্যবস্থা প্রবর্তন
(3) গ্লাসনস্ট
(4) পুনরায় পারমাণবিক অস্ত্রে সজ্জিতকরণ

28 মিখাইল গর্ভাচেভের (Mikhail Gorbachev) বক্তৃতার তাৎপর্য কী?

(1) এটি একটি নতুন পারমাণবিক অস্ত্রের প্রতিযোগিতা সৃষ্টি করে।
(2) এটি শীতল যুদ্ধ সমাপ্তির নির্দেশ দেয়।
(3) এটি চূড়ান্তভাবে বিশ্বব্যাপী কমিউনিজমের ছড়িয়ে পড়ার পূর্বাভাস দেয়।
(4) এর কারণে কিছু নতুন দেশ সোভিয়েত ইউনিয়নের অংশ হয়।

---

এই পৃষ্ঠাটি ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

**নাম** ______________________________ **স্কুল** ______________________________

**প্রদত্ত স্থানে 29–34b প্রশ্নগুলোর উত্তর লিখুন। এই প্রশ্নগুলোর উত্তর দিতে কালো বা গাঢ়-নীল কালির কলম ব্যবহার করুন।**

## অংশ II

## অল্প-কথায় উত্তর গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ)

**এই প্রশ্নগুলো সাথে থাকা নথিগুলোর উপর ভিত্তি করে তৈরি এবং ঐতিহাসিক নথি নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য তৈরি করা হয়েছে। প্রতিটি গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ) সেট দু'টি নথি দিয়ে তৈরি। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলোর মধ্যে কয়েকটি সম্পাদিত হয়েছে। মনে রাখবেন, কোনো কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের ঐতিহাসিক পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।**

অংশ II-এ আপনার উত্তর দেওয়ার সময়, এই ব্যাখ্যাগুলো অবশ্যই মনে রাখবেন:

**সনাক্ত করুন**—অর্থ একটি নাম দেওয়া বা নাম করা।

**ব্যাখ্যা করুন**—অর্থ সরল করা বা বোঝা যায় এমন করা; কোন কিছুর জন্য কারণ দেওয়া বা কোন কিছুর কারণ বলা; কোন কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোন কিছুর সাথে সম্পর্ক।

---

### সংক্ষিপ্ত-উত্তর CRQ সেট 1 কাঠামো

- প্রশ্ন 29 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 30 নথি 2 ব্যবহার করে (উৎস)
- প্রশ্ন 31 নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলোর মধ্যে সম্পর্ক)

---

### সংক্ষিপ্ত-উত্তর CRQ সেট 2 কাঠামো

- প্রশ্ন 32 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 33 নথি 2 ব্যবহার করে (উৎস)
- প্রশ্ন 34a ও 34b নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলোর মধ্যে সম্পর্ক)


---

*CRQ সেট 1 নির্দেশনা* **(29–31):** নথিগুলো বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির নিচে প্রদত্ত স্থানে সংক্ষিপ্ত-উত্তরের প্রশ্নগুলোর উত্তর দিন।


29 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 1 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 1

**1879 সালে আফ্রিকা**




**1914 সালে আফ্রিকা**




উৎস: Raymond F. Betts, ed., *The Scramble for Africa: Causes and Dimensions of Empire*, D.C. Heath and Company, 1972 (অভিযোজিত)

**ভৌগোলিক প্রসঙ্গ**—বলতে বোঝায়, কোন স্থানে এই ঐতিহাসিক বিকাশ/ঘটনা ঘটছে এবং সেখানে এটি কেন ঘটছে।

29 1879 থেকে 1914 পর্যন্ত আফ্রিকার মানচিত্রগুলোতে যে পরিবর্তনগুলো দেখানো হয়েছে সেগুলোর ভৌগোলিক পরিপ্রেক্ষিত ব্যাখ্যা করুন। [1]

Score

**পরবর্তী পৃষ্ঠায় যান** ⇨

30 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 2 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 2

ই. ডি. মোরেল একজন ফরাসি বংশোদ্ভূত ব্রিটিশ ব্যবসায়ী এবং সংস্কারক, যিনি সাম্রাজ্যবাদী নির্যাতনের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। তিনি একটি লন্ডন-ভিত্তিক শিপিং কোম্পানিতে কাজ করতেন যারা বেলজিয়ামের সাথে ব্যবসা করতো। তিনি কঙ্গোর বিষয়ে বিশদভাবে লিখেছিলেন। তিনি রুডিয়ার্ড কিপ্লিং এর কবিতা "দ্য হোয়াইট ম্যান'স বার্ডেন" এর প্রতিক্রিয়াস্বরুপ 1920 সালে "*দ্য ব্ল্যাক ম্যান'স বার্ডেন*" লেখেন।

> . . . তিন শতাব্দী ধরে শ্বেতাঙ্গরা লক্ষ লক্ষ আফ্রিকানকে আটক করে দাসত্বে আবদ্ধ করেছে এবং তাদেরকে, সকল পরিস্থিতিতেই ভয়ানক বর্বরতায়, সাগরের মধ্য দিয়ে অন্যত্র স্থানান্তর করেছে। কিন্তু তাও আফ্রিকানরা বেঁচে যায় এবং এই নির্বাসনের দেশে তারা অতিরিক্ত মাত্রায় বৃদ্ধি পায়।
>
> কিন্তু শ্বেতাঙ্গরা তাদের ভূমি আংশিকভাবে দখল করার পরও যা করতে ব্যর্থ হয়েছে; ইউরোপিয়ান রাজনৈতিক "প্রভাববলয়" এর নিখুঁত পরিকল্পনা যা করতে ব্যর্থ হয়েছে; নীতি ও রাইফেল, ক্রীতদাসের দল, পৃথিবীর গর্ভে করা শ্রম ও চাবুকের আঘাত যা করতে ব্যর্থ হয়েছে; আমদানি করা হাম, গুটিবসন্ত ও সিফিলিস যা করতে ব্যর্থ হয়েছে; এমনকি সমুদ্র পাড়ি দেওয়া ক্রীতদাস বাণিজ্য যা করতে ব্যর্থ হয়েছে, ধ্বংসের আধুনিক ইঞ্জিন ব্যবহার করে আধুনিক পুঁজিবাদী শোষণের ক্ষমতা হয়ত এখনও সেই কাজ সম্পন্ন করতে সফল হবে।
>
> কারণ সর্বশেষ উল্লিখিত অনিষ্ট থেকে, যা বৈজ্ঞানিকভাবে প্রয়োগ ও বাস্তবায়ন করা হয়, আফ্রিকানদের পালানোর কোনো পথ নেই। এর ধ্বংসাত্মক প্রভাব আকস্মিক [পর্যায়ক্রমিক] নয়: এগুলো স্থায়ী। এটি স্থায়িত্বের মধ্যে আছে এর ভয়াবহ ফলাফল। এটি শুধু শরীরকেই মেরে ফেলে না, বরং আত্মাকেও মেরে ফেলে। এটি উদ্যম নষ্ট করে দেয়। এটি প্রতিটি বাঁকে আফ্রিকানদের আক্রমণ করে, যে কোনো সুবিধাজনক জায়গা থেকে। এটি তার পলিটি [সরকার] ভেঙ্গে দেয়, তাকে দেশ থেকে সমূলে উচ্ছদ করে, তার পারিবারিক জীবনকে আক্রমণ করে, তার স্বাভাবিক কাজ ও পেশাকে ধ্বংস করে, তার পুরো সময় দখল করে, তার নিজের গৃহেই তাকে ক্রীতদাস বানায়। . . .

উৎস: E. D. Morel, *The Black Man's Burden*,
The National Labour Press, 1920

30 *দ্য ব্ল্যাক ম্যান'স বার্ডেন* (*The Black Man's Burden*) থেকে উদ্ধৃত এই অংশটির উপর ভিত্তি করে, আফ্রিকাতে ইউরোপীয়দের সম্পৃক্ততার প্রভাব নিয়ে ই. ডি. মরেলের (E. D. Morel) দৃষ্টিভঙ্গি সনাক্ত করুন। [1]

________________________________________

________________________________________

________________________________________

Score

31 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 1 ও 2 ***উভয়*** এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**কারণ**—বলতে এমন বিষয়কে বোঝায়, যা কোনো ঘটনা সংঘটিত হওয়ার পেছনে কাজ করে, কোনো ধারণা সৃষ্টিতে প্রভাব ফেলে বা কোনো কিছু বিকশিত হওয়ার পেছনে দায়ী থাকে।

**প্রভাব**—অর্থে একটি ঘটনা, একটি ধারণা বা একটি বিকাশের পরিণামস্বরূপ যা ঘটে (ফলাফল, প্রভাব, পরিণতি)।

31 এই নথিগুলোতে প্রাপ্ত ঘটনা এবং/অথবা ধারণাগুলোর মধ্যে কারণ-ও-প্রভাবের মধ্যকার সম্পর্ক সনাক্ত করুন ***এবং*** ব্যাখ্যা করুন। আপনার উত্তরে নথি 1 ও 2 ***উভয়*** থেকে অবশ্যই প্রমাণ ব্যবহার করবেন। [1]

Score

এই পৃষ্ঠাটি ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

***CRQ সেট 2 নির্দেশনা* (32–34b):** নথিগুলো বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির নিচে প্রদত্ত স্থানে সংক্ষিপ্ত-উত্তরের প্রশ্নগুলোর উত্তর দিন।

32 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 1 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 1

জালালপুর, ভারত, এপ্রিল 5 — আজ এখানে চারশো পুলিশ আসে এবং আরও 100 ডান্ডিতে যায়, যেখানে মহাত্মা গান্ধী ও তার অনুসরণকারীরা আগামীকাল গালফ অফ ক্যাম্বের পানি থেকে লবণ উৎপাদন করার পরিকল্পনা করছেন। . . .

আজ রাতে ডান্ডিতে তারা নাগরিক অবাধ্যতার প্রথম নিশ্চিত পদক্ষেপ নেওয়ার জন্য প্রস্তুত হচ্ছিলেন। তারা জোয়ার প্রবণ জলাভূমির পানির মধ্যে হেঁটে গিয়ে লবণাক্ত পানি দিয়ে তাদের পাত্রগুলো ভর্তি করবেন। এগুলি বাষ্পীভূত হওয়ার জন্য তারা সেগুলো সূর্যালোকের নিচে রাখবেন এবং অবশিষ্ট লবণ বিক্রির জন্য নিয়ে যাবেন।

আহমেদাবাদের রাস্তাগুলিতে প্রথম বিক্রি হবে যেখানে অল-ইন্ডিয়া কংগ্রেস কমিটির সদস্যরা এই ফেরি [বিক্রি] করার কাজের পরিচালনা করবেন। বলা হয়েছে এই লবণ ভক্ষণযোগ্য নয় কিন্তু এর তৈরি ও বিক্রি আইনের লঙ্ঘন করা হবে এবং তা মিঃ গান্ধীর লক্ষ্য পূরণ করবে।

সরকারের মনোভাব সম্পর্কে কোনো ঘোষণা করা হয়নি। ভাইসরয়, লর্ড আরউইন বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে এমন কোনো ব্যবস্থা এড়িয়ে চাইছেন বলে বোঝা গেছে এবং সরকার মিঃ গান্ধীকে শহীদের মর্যাদা দিতে ইচ্ছুক নন, তথাপি, ব্রিটিশ সেনা সতর্ক অবস্থায় আছে। . . .

উৎস: Associated Press, “Gandhi Makes Salt, Defying India’s Law,” *New York Times*, April 6, 1930

32 1930 সালে ভারতে গান্ধীর (Gandhi) গৃহীত পদক্ষেপগুলোর ঐতিহাসিক পরিস্থিতি ব্যাখ্যা করুন। [1]

Score

33 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 2 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 2

1946 সালের 19 ডিসেম্বর হো চি মিন ভিয়েতনামের মানুষের কাছে আবেদন করেন। এই আবেদনটি ফ্রান্সের সাথে ব্যর্থ যুদ্ধবিরতি এবং আলোচনা করার ব্যাপারে হো চি মিনের আবেদনের প্রেক্ষিতে ফরাসী কর্মকর্তাদের কাছ থেকে আগ্রহের ঘাটতির ফলাফল।

**মজুরি প্রতিরোধ যুদ্ধ!**

**ভিয়েতনামী নাগরিকদের প্রতি একটি আবেদন**

সমগ্র দেশের স্বদেশবাসীগণ!

শান্তির প্রতি ভালোবাসা থেকে আমরা ছাড় দিয়েছি [ত্যাগ করেছি]। কিন্তু আমরা যতই ত্যাগ করেছি, ফরাসী ঔপনেবেষিকরা ততই বেশি এগিয়েছে, কারণ তারা আবার আমাদের দেশ আক্রমণ করার জন্য বদ্ধপরিকর। না! আমরা আমাদের দেশ হারিয়ে পুনরায় দাসত্বে ফিরে না গিয়ে বরং আমাদের সর্বস্ব ত্যাগ করবো।

দেশবাসী! জেগে উঠুন!

নারী ও পুরুষ, বৃদ্ধ ও তরুণ, ধর্মবিশ্বাস, রাজনৈতিক দল বা জাতীয়তা নির্বিশেষে সকল ভিয়েতনামীকে অবশ্যই ফরাসী উপনিবেশের হাত থেকে পিতৃভূমিকে রক্ষা করার জন্য জেগে উঠতে হবে। যাদের কাছে রাইফেল আছে তারা রাইফেল ব্যবহার করবেন। যাদের কাছে তরবারি আছে তারা তাদের তরবারি ব্যবহার করবেন। যাদের কাছে কোনো তরবারি নেই তারা তাদের কোদাল, কাস্তে ও লাঠি ব্যবহার করবেন। প্রত্যেককে অবশ্যই উপনিবেশ স্থাপনকারীদের বিরোধিতা করতে হবে এবং তার দেশকে রক্ষা করতে হবে।

সৈন্য, আত্ম-রক্ষাকারী প্রহরী, বেসামরিক বাহিনীর সদস্যগণ!

জাতীয় স্বাধীনতার ঘণ্টা বেজে গেছে! আমাদের দেশকে রক্ষা করার জন্য আমাদেরকে অবশ্যই আমাদের শেষ রক্তবিন্দু অবধি ত্যাগ করতে হবে। আমরা যতই কষ্ট ভোগ করতে হোক, আমরা তা সহ্য করতে প্রস্তুত। ত্যাগ করার দৃঢ়সংকল্পের মাধ্যমে জয় আমাদের হবেই!

একটি স্বাধীন ও ঐক্যবদ্ধ ভিয়েতনাম দীর্ঘজীবী হোক!

বিজয়দৃপ্ত প্রতিরোধ দীর্ঘজীবী হোক!

উৎস: Truong Nhu Tang, *A Vietcong Memoir*, Vintage Books, 1986

33 এই উদ্ধৃত অংশের উপর ভিত্তি করে, ফরাসী উপনিবেশবাদ সম্পর্কে হো চি মিনের দৃষ্টিভঙ্গি সনাক্ত করুন। [1]

Score

**সাদৃশ্য**—বলে কীভাবে কোনো কিছু অন্য কোনো কিছুর মত হয় বা একই হয়।

**পার্থক্য**—বলে কীভাবে কোনো কিছু, অন্য কোনো কিছুর মত নয় বা একই নয়।

34a–34b নথি 1 ও 2 ***উভয়*** থেকে প্রমাণ এবং সমাজ বিজ্ঞান সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে:

a) ইউরোপীয় উপনিবেশ স্থাপন সম্পর্কে গান্ধী (Gandhi) ও হো চি মিনের প্রতিক্রিয়ার মধ্যে একটি সাদৃশ্য ***বা*** একটি পার্থক্য সনাক্ত করুন। [1]

b) উভয় নথি থেকে প্রমাণ ব্যবহার আপনার শনাক্তকৃত সাদৃশ্য ***বা*** পার্থক্য ব্যাখ্যা করুন। [1]

34a Score

34b Score

## অংশ III

## (প্রশ্ন 35)

## দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনা

প্রশ্নটি তার সাথে থাকা নথিগুলির উপর ভিত্তি করে তৈরি। এই প্রশ্নটি ঐতিহাসিক নথিপত্রসমূহ নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য প্রণয়ন করা হয়েছে। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলোর মধ্যে কয়েকটি সম্পাদিত হয়েছে। আপনি নথিগুলোর বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং নথিতে যদি কোনো দৃষ্টিভঙ্গি উপস্থাপন করা হয় তাহলে সেগুলো বিবেচনা করবেন। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের ঐতিহাসিক পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।

***নির্দেশনা:*** পাঁচটি নথির প্রতিটি পড়ুন এবং বিশ্লেষণ করুন এবং একটি সুগঠিত রচনা লিখুন যাতে একটি ভূমিকা, কয়েকটি অনুচ্ছেদ, এবং একটি উপসংহার থাকবে। সমাজ বিজ্ঞানের উপর আপনার জ্ঞান ও নথিগুলো থেকে প্রাপ্ত প্রমাণের উপর ভিত্তি করে প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিস্তারিত তথ্য দিয়ে আপনার উত্তরটি সমর্থন করুন।

**কোনো দীর্ঘস্থায়ী সমস্যা হলো এমন একটি চ্যালেঞ্জ বা সমস্যা, যা দীর্ঘ সময় ধরে বিতর্কিত বা আলোচিত। দীর্ঘস্থায়ী সমস্যা হলো এমন একটি সমস্যা যার মোকাবিলা করার চেষ্টা করেছে বহু সমাজ, ভিন্ন পর্যায়ের সফলতা সহ।**

**কাজ:**

- এই নথিগুলোর মাধ্যমে ফুটিয়ে তোলা একটি দীর্ঘস্থায়ী সমস্যা শনাক্ত করুন ***এবং*** ব্যাখ্যা করুন
- আপনার নির্বাচিত এই সমস্যা তাৎপর্যপূর্ণ কেন ***এবং*** কীভাবে এটি দীর্ঘদিন ধরে বহাল ছিল সে বিষয়ে যুক্তি দিন

**আপনার রচনায় নিশ্চিত করুন যে:**

- *অন্তত* ***তিনটি*** নথির ঐতিহাসিকভাবে নির্ভুল ব্যাখ্যার উপর ভিত্তি করে দীর্ঘস্থায়ী সমস্যাটি ব্যাখ্যা করুন
- *অন্তত* ***তিনটি*** নথি থেকে প্রাসঙ্গিক প্রমাণ ব্যবহার করে সমস্যাটি ব্যাখ্যা করুন
- নিম্নলিখিত বিষয়গুলো দেখানোর এই দীর্ঘস্থায়ী বিষয়টি যে একটি তাৎপর্যপূর্ণ সমস্যা সে বিষয়ে যুক্তি দিন:
  – কীভাবে এই সমস্যাটি মানুষকে প্রভাবিত করেছে বা মানুষ দ্বারা প্রভাবিত হয়েছে
  – সমস্যাটি কীভাবে সমস্যা হিসেবে থেকে গেছে বা সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়েছে
- সমাজ বিজ্ঞান সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে বাইরে থেকে প্রাসঙ্গিক তথ্য অন্তর্ভুক্ত করুন

অংশ III এ আপনার উত্তর লেখার সময়, এই ব্যাখ্যাগুলো অবশ্যই মনে রাখবেন:

**সনাক্ত করুন**—মানে হলো, একটি নাম দেওয়া বা নাম করা।

**ব্যাখ্যা করুন**—অর্থ সরল করা বা বোঝা যায় এমন করা; কোন কিছুর জন্য কারণ দেওয়া বা কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোন কিছুর সাথে সম্পর্ক।

**যুক্তি দিন**—মানে হলো, এমন কয়েকটি বিবৃতি প্রদান যা কোনো উপসংহারের সমর্থনে প্রমাণ ও কারণ প্রদান করে।

## নথি 1

উনিশ শতকের মধ্যবর্তী সময়ে, কলেরাকে [একটি পানিবাহিত রোগ] পরাজিত করা বিভিন্ন মহানগরীর দায়িত্বশীল ব্যক্তিদের জন্য প্রধানতম গুরুত্ব ছিল। 1831 ও 1866 সালের মধ্যবর্তী সময়, চারটি আলাদা মহামারী চল্লিশ হাজারের বেশি লন্ডনবাসীর জীবন কেড়ে নেয়। সে সময়ে রোগটি সম্পর্কে খুব অল্প জানা ছিল, কারণ সাধারণভাবে একে লন্ডনের দুর্গন্ধযুক্ত বায়ুর [মায়াজমা] সাথে সম্পর্কিত বলে বিবেচনা করা হত। রবার্ট কচ কর্তৃক কলেরা ব্যাসিলাস চূড়ান্তভাবে আবিষ্কারের পূর্ব পর্যন্ত পূতিবাষ্প বিশেষজ্ঞদের* কলেরার কারণ সম্পর্কিত মতামতকে সত্য বলে ধরা হত। ডঃ জন স্নো কর্তৃক বৈজ্ঞানিক প্রমাণ হাজির করার পর এই তত্ত্বকে সামনে অগ্রসর করে যে, এই রোগটি দুর্গন্ধযুক্ত বায়ু সেবন করার কারণে নয়, বরং দূষিত পানি পানের কারণে রোগটি ছড়িয়েছিল। যদিও কলেরার কারণ একটি বিতর্কিত বিষয় ছিল, এটা মেনে নেওয়া হয়েছিলো যে লন্ডনের অধিবাসীদের পানীয় জলের যোগানদাতা দূষিত টেমস নদী এর জন্য দায়ী ছিল। একটি বিষয় খুব স্পষ্ট ছিল যে, এই সমস্যা মোকাবেলা করার জন্য কিছু একটি অবশ্যই করতে হতো, কিন্তু লন্ডনের স্থানীয় সরকারের বিশৃঙ্খল অবস্থা অনেক স্কিম[পরিকল্পনা] ফলপ্রসূ [সম্পূর্ণ] হতে দেয়নি। স্থানীয় সরকার চার্চের প্যারিশের ভিত্তি করে তৈরি হয়েছিলো এবং যে কায়েমি স্বার্থগুলি এখানে প্রভাব বিস্তার করত তারা লন্ডন সিটির বৃহত্তর স্বার্থ না দেখে তাদের স্থানীয় প্যারিশের সংকীর্ণ স্বার্থই বেশি দেখত। মেট্রোপলিটন কমিশন অব স্যুয়ার্স অ্যাক্ট, 1848, যা স্বাস্থ্য সংস্কারক এডুইন চ্যাডউইক অগ্রসর করেন, সমগ্র লন্ডনের বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতিকে এক সীমিত উপায়ে প্ররোচিত করার চেষ্টা করে। তবে, সমগ্র লন্ডন ব্যাপী কর্মসূচীর সংস্কার বাস্তবায়নের জন্য যে পরিবর্তন প্রয়োজন ছিল, এটি কখনই তেমন জোরালো বা নিষ্পত্তিমূলক ছিল না।

1850 সালে, জনসংখ্যা বৃদ্ধি এবং 1851 সালে গ্রেট এক্সিবিশনের মাধ্যমে জনপ্রিয় হওয়া ওয়াটার ক্লোজেট [ঘরের অভ্যন্তরে শৌচাগার] চালু হওয়ার কারণে গৃহস্থালির ভূগর্ভস্থিত মলাধার অকার্যকর হয়ে পড়ে ও উপচে পড়ে। প্রতিদিন গড়ে প্রায় একশত গ্যালন অতিরিক্ত গৃহস্থালির বর্জ্য উৎপাদনের জন্য ওয়াটার ক্লোজেটগুলি দায়ী ছিল। এই সমস্যা দূর করার জন্য 1848 সালে, মেট্রোপলিস স্যুয়ার্স কমিশন ভূগর্ভস্থিত মলাধার ও নর্দমার সাথে বাসার ড্রেনগুলো যুক্ত করার বিষয়টি বাধ্যতামূলক করার ফলে সেগুলো অশোধিত অবস্থায় টেমস নদীতে নিকাশিত হতে থাকে। এটি সমস্যাটিকে আরও সাংঘাতিক করে তোলে এবং কার্যকরভাবে তা লন্ডনের প্রধান জলপথকে একটি উন্মুক্ত নর্দমায় পরিণত করে। . . .

উৎস: Chad Hansen, "The Big Thames Clean Up," *Cholera and the Thames* online

* পূতিবাষ্প বিশেষজ্ঞ : যেসকল মানুষ বিশ্বাস করেন যে রোগবালাই দূষিত বায়ুর মাধ্যমে ছড়ায়

**নথি 2**

. . . তবে, অন্য কোনো কিছুর কারণে পানির এতো হাহাকার সৃষ্টি [তৈরি] হয়নি যা হয়েছে তিন দশক ধরে বিপজ্জনক শিল্প প্রবৃদ্ধির ফলে। এক নির্মম ভারসাম্য বজায় রেখে চীনের অর্থনীতির আকস্মিক উত্থান ঠিক সমপরিমাণ ও বিপরীতধর্মী পরিবেশগত বিপর্যয় ত্বরান্বিত করেছে। বিশ্বের পরবর্তী সুপারপাওয়ার হওয়ার প্রতিযোগিতায় চীন শুধু তার নদী ও অ্যাকুইফারগুলোই [ভূগর্ভস্থ পানির উৎস] শুকিয়ে ও পরিত্যাক্ত করে ফেলছে না যথেচ্ছভাবে; বরং তা অবশিষ্ট যা কিছু আছে সেগুলোকেও এমন অপূরণীয়ভাবে দূষিত করছে যে, বিশ্বব্যাংক "ভবিষ্যৎ প্রজন্মের জন্য বিপর্যয়কর ফলাফল"-এর ব্যাপারে সতর্ক করছে। . . .

পুরো উত্তর চীনে ইয়োলো নদীর মহাকাব্যিক প্রবাহ হলো একটি প্রিজম, যার মধ্য দিয়ে দেশের পানির হাহাকারকে উন্মোচিত হতে দেখা যায়। তিব্বতের যাযাবররা নদীর উৎসের জায়গায় তাদের পূর্বপুরুষদের জমি ছেড়ে নীরবে পড়ে থাকা [কষ্ট পাওয়া] ব-দ্বীপের নিকটবর্তী "ক্যান্সার গ্রামগুলিতে" চলে যাওয়ায়এই মাতৃ নদী পরিবেশ ধংসের মূল্যকে এক মানবিক অবয়ব প্রদান করেছে। কিন্তু, এটি এও দেখাচ্ছে যে, কিভাবে এই জরুরি পরিস্থিতি সরকারকে—এবং পরিবেশবাদীদের একটি ছোট দলকে—নাড়িয়ে দিয়ে পদক্ষেপ গ্রহণ করাচ্ছে। ইয়োলো নদীর ভাগ্য এখনও নিক্তির উপর ঝুলছে। . . .

পশ্চিমের শহর লানঝাউ এ গ্রিন ক্যামেল বেল নামক একটি পরিবেশবাদী গোষ্ঠীর একজন কর্মচারী হিসেবে জিয়াং এই খবর পেয়ে যে একটি [কাগজ] কারখানা ইয়োলো নদীর একটি উপনদীতে অপরিশোধিত রাসায়নিক বর্জ্য ফেলছে, তা তদন্ত করতে এসেছেন। লানঝাউয়ের চারপাশে এমন শত শত কারখানা আছে, যা এককালে ছিল একটি সিল্ক রোডের বাণিজ্য স্থল যা রুপান্তরিত [পরিবর্তিত] হয়ে বর্তমানে একটি পেট্রোকেমিকালের কেন্দ্রে পরিণত হয়েছে। 2006 সালে তিনটি শিল্পকারখানা থেকে রাসায়নিক পদার্থ চুইয়ে পড়ার কারণে ইয়োলো নদীর পানি লাল হয়ে যায়। আরেকটি ঘটনায় এর পানি সাদা হয়ে যায়। এটি এই উপনদীটিকে একটি মেরুন রঙের এক বিষাক্ত রঙে ছেয়ে দিচ্ছে। জিয়াং যখন তার অফিসে ফিরে যাবেন, তখন তিনি GPS ডেটা বেইজিং-এ ইমেইল করার পাশাপাশি একটি ওয়েব-ভিত্তিক "দূষণ মানচিত্রে" আপলোড করবেন, যাতে সারা বিশ্ব তা দেখতে পায়। . . .

উৎস: Brook Larmer, "Bitter Waters: Can China save the Yellow–its Mother River?" *National Geographic Magazine* online, May 2008

**নথি 3**

## গানের কথা ও শৌচাগার

মাসুকো ব্যান্ডের প্রধান গায়ক ফেলিসিয়ানো দো সান্তোস একজন প্রভাবশালী পরিবেশবাদী, যিনি মোজাম্বিকের নিয়াসা গ্রামে পরিস্কার পানি সরবরাহ করার জন্য কাজ করেছিলেন।

. . . 2000 সালে সান্তোস একটি নন-প্রফিট প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন যার নাম এস্টামোস যার মিশন হলো পাম্প বসিয়ে নিয়াসার সব জায়গায় পরিস্কার পানি দেওয়া, এবং তার সাথে কমদামের টেকসই স্যানিটেশন ব্যবস্থা স্থাপন করা।

প্রকল্পটি সফল হচ্ছে। গ্রামের লোকেরা হাজার হাজার বহনযোগ্য "ইকোসান" বাথরুম স্থাপন করেছেন। এই ইট দিয়ে লাইন করা যাতে ভূগর্ভস্থ পানির সরবরাহে ব্যাকটেরিয়া প্রবেশে করতে না পারে। ছয় মাস পচানোর পর, জিনিসগুলো সারে পরিণত হয় যা তাদের ক্ষেতে চাষীরা নিরাপদে ব্যবহার করতে পারেন। প্রথমবারের মত নিয়াসা এক প্রাথমিক [মৌলিক] স্যানিটেশন সিস্টেম পেলো।

অধিকন্তু, সান্তোস সঙ্গীত ব্যবহার করে তুলনামূলকভাবে ভালো স্বাস্থ্যবিধি অথবা রোগ প্রতিরোধের জন্য পরিস্কার পরিচ্ছন্ন থাকার অনুশীলন শেখান। মাসুকোস এর অন্যতম সেরা হিট গানের নাম হলো, "টিসাম্বে মানজা" যার অর্থ হলো "আমাদের হাত ধুই।" সান্টোস বলেন, "পরিস্কার পানি এক মৌলিক মানব অধিকার, অথচ অনেক লোকের তা নেই।" "যাদের কোনো কণ্ঠ নেই, তাদের কণ্ঠ হওয়ার জন্য আমি আমার সঙ্গীত ব্যবহার করছি।"

উৎস: Andrew J. Milson, *Global Issues: Health*, National Geographic Learning, Cengage Learning, 2014

**নথি 4**

## ভবিষ্যত প্রজন্মের কাছে থেকে পানি ছিনিয়ে নেওয়া

টেক্সটাইল শহর তিরুপুরের দক্ষিণে রাস্তার উপর নিজের বারান্দায় সুরেশ পোনাসামি হেলান দিয়ে বসেছিলেন। তিনি ধনী ছিলেন না, কিন্তু একটি উন্নয়নশীল দেশের দুই একর জমির মালিক হিসাবে তিনি বেশ ভালোই আছেন।। তার একটি TV, একটি গাড়ি এবং পানীয় এনে দেওয়ার জন্য এবং প্রতি সকালে তার ঐতিহ্যবাহী ভারতীয় সাদা চাদর ধোয়া থাকবে তা নিশ্চিত করার জন্য একটি পরিচারিকা ছিল।

তার সম্পদের উৎস হলো তার বাড়ির পাশে বিশাল জলাধার, তিনি বলেন। এবং আমরা কথা বলার সময় একটি ট্যাঙ্কার রাস্তায় এসে দাঁড়ায়। ড্রাইভার তার গাড়ি থেকে একটি বড় পাইপকে জলাধারে প্রবেশ করে পানি শোষণ করা শুরু করে।

পনুসামি ব্যাখ্যা করেন: "আমি এখন আর ফসল ফলাই না, আমি পানি ফলাই। ট্যাঙ্কারগুলি দিনে প্রায় দশ বার আসে। আমাকে জলাধারটি পূর্ণ রাখা ছাড়া আর কিছু করতে হয় না।" এটি করার জন্য তিনি তার ক্ষেতগুলোতে পাথরের নিচে গভীরে বোরহোল করে করে পাম্প বসিয়েছেন যা উপরিভাগে 24 ঘণ্টা পানি তুলে আনে। তিনি প্রতি ভরা ট্যাংক প্রায় চার ডলারে বিক্রি করেন। "এটি এক ভালো পেশা ও ঝুঁকিমুক্ত" - তিনি বলেন। "যতদিন জল থাকে।". . .

বৃষ্টির পানি এগুলিকে ভরার তুলনায় অনেক দ্রুত আমরা এই বিশাল জলাধারগুলো খালি করে ফেলছি। পানির স্তর নিচে নেমে যাচ্ছে, কূপ আরো গভীরে খনন করতে হচ্ছে এবং পাম্পগুলো অবশ্যই আরো বড় করার প্রয়োজন হচ্ছে। আমরা যে পানি এখন খনন করছি তা ভবিষ্যৎ প্রজন্মের জন্ম-অধিকার।


ভারতে কলকারখানা, শহর ও বিশেষ করে কৃষির জন্য পানি নেয়া হচ্ছে। একসময়ের সুবিস্তীর্ণ দুর্ভিক্ষের দেশ ভারত গত অর্ধ শতাব্দীতে কৃষি ক্ষেত্রে বিপ্লব দেখেছে। ভারত এখন তার সব মানুষকে খাওয়ানোর জন্য যথেষ্ট খাদ্য উৎপাদন করে; অনেক ভারতীয় এখনও যে অভুক্ত থাকে তা একটি অর্থনৈতিক ও রাজনৈতিক ধাঁধা, কারণ দেশটি চাল রপ্তানি করে।

কিন্তু এটি টিকতে নাও পারে। গবেষকরা হিসাব করেন যে, ভারতের খাবারের এক-চতুর্থাংশ উৎপাদন হয় সেচ করা ভূগর্ভস্থ পানি দিয়ে যা প্রাকৃতিকভাবে প্রতিস্থাপিত হচ্ছে না। এই বিপ্লব বেঁচে আছে ধার করা পানি ও সময়ের উপর। পানি শেষ হয়ে গেলে ভারতকে কে খাওয়াবে?

কেউ জানে না আমাদের পায়ের নিচে কতটা পানি আছে। কিন্তু আমরা জানি যে সঞ্চিত ভাণ্ডার খালি হয়ে যাচ্ছে। এই সমস্যাটি বৈশ্বিক ও তা বাড়ছে, কিন্তু বেশিরভাগই চোখের এবং চিন্তার আড়ালে রয়েছে। . . .

উৎস: Fred Pearce, "Grabbing Water From Future Generations," *National Geographic News* online, December 20, 2012

**নথি 5**




উৎস: UN Water Day 2013 International Year of Water Cooperation, *United Nations Water* online (অভিযোজিত)

* MT হলো মেট্রিক টন

## বিকল্প পরিকল্পনার পৃষ্ঠা

## দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনার পরিকল্পনা পৃষ্ঠা

আপনি পরিকল্পনার পৃষ্ঠার অর্গানাইজারটি আপনার সাড়া প্রদানের পরিকল্পনার ব্যবহার করতে পারেন, কিন্তু আপনার রচনাটি এখানে লিখবেন না। পরিকল্পনা পৃষ্ঠায় কিছু লিখলে তা আপনার চূড়ান্ত নম্বরের সাথে যুক্ত হবে **না**।

আমার দীর্ঘস্থায়ী বিষয় হলো:________________________________________

| **রচনা লেখার প্রয়োজনীয়তাসমূহ** | হ্যাঁ | প্রযোজ্যটি বৃত্তাকারে চিহ্নিত করুন | বাইরের তথ্যের জন্য একটি বা দু'টি সম্ভাব্য ধারণা |
|---|---|---|---|
| এই বিষয়টি কি অন্তত ***তিনটি*** নথি দ্বারা সমর্থিত?<br><br>কোন নথি এই বিষয়টি সমর্থন করে? | | 1 2 3 4 5 | |
| এই ব্যাপারটার সংজ্ঞা তৈরিতে কোন নথিটি ব্যবহার করা যেতে পারে? | | 1 2 3 4 5 | |
| ব্যাপারটা কি বেশ উল্লেখযোগ্যভাবে মানুষকে প্রভাবিত করেছে অথবা মানুষ দ্বারা প্রভাবিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলোতে আপনি এটি দেখছেন? | | 1 2 3 4 5 | |
| বিষয়টি কি সময়ের সাথে স্থায়ী থেকেছে না সময়ের সাথে পরিবর্তিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলোতে আপনি এটি দেখছেন? | | 1 2 3 4 5 | |

এই কাজটি পর্যালোচনা করতে পৃষ্ঠা 26 এ যান।

রচনা পুস্তিকার লাইন টানা পৃষ্ঠাগুলিতে আপনার রচনা লিখুন।

REGENTS EXAM IN GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION

পুনর্ব্যবহারযোগ্য কাগজে মুদ্রিত

REGENTS EXAM IN GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION